

ধর্ম কি সত্যিই ধর্ম না অধর্ম

❖ অনুরাগ দেব।

যে ধর্ম করে মানুষকে মনুষ্যতা হতে বঞ্চিত,
সে ধর্মের ধর্ম হয় ভিক্ষাবৃত্তি হতেও অধর্ম।
যে ধর্মের শিক্ষা, 'নিজ ধর্ম ব্যাতিত সকল ধর্মই অধর্ম',
সে ধর্মের ধর্মে নাই কোন ধর্ম।
যে ধর্মের জন্ম হয় শরীরের জন্মে,
সে ধর্মের মৃত্যু তার জন্মে।
তাই আজকাল মনে জাগে একটি প্রশ্ন অহরহ,
আজ ধর্ম কি সত্যিই ধর্ম না অধর্ম।
যে ধর্ম শুধু অর্থ উপার্জনের জন্য,
সে ধর্মে অর্থ বড়ই নিরর্থক,
যে ধর্ম নারীকে বন্দী করে রাখে অন্ধকারে,
সেই ধর্মের অন্ধকার দূর হয় না কোনও আলোতে
যে ধার্মিকের রাত্রি কাটে বিলাসীতার মাঝে,
সে ধার্মিকের মনকাননে ফোটে না কোনও শ্রদ্ধার পবিত্র ফুল,
তাই আজকাল মনে জাগে একটি প্রশ্ন অহরহ,
আজ ধর্ম কি সত্যিই ধর্ম না অধর্ম।